রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পানি মেশানো দুধ পেশ করা হল।তখন তার ডান পাশে ছিল জনৈক গ্রাম্য লোক। বাম পাশে ছিল আবু বকর রাদিয়াল্লাহু আনহু। তিনি পান করলেন, অতঃপর গ্রাম্য লোকটিকে দিলেন এবং বললেন, ডান দিক অতঃপর ডান দিক।

আনাস বিন মালিক রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, “রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি
ওয়া সাল্লামের নিকট পানি মেশানো দুধ পেশ করা হল। তখন তার ডান পাশে ছিল জনৈক গ্রাম্যলোক। আর বাম পাশে ছিল আবু বকর রাদিয়াল্লাহু আনহু। তিনি পান করলেন, অতঃপর গ্রাম্য রোকটিকে দিলেন এবং বললেন, ডান দিক অতঃপর ডান দিক।” [সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

একদা পানি মেশানো দুধ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকট পেশ করা হল। তখন তার ডান পাশে ছিল জনৈক গ্রাম্য লোক। আর বাম পাশে ছিল আবু বকর রাদিয়াল্লাহু আনহু। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম দুধ পান করলেন। অতঃপর গ্রাম্য লোকটিকে দিলেন। সে পাত্রটি নিয়ে পান করল। অথচ আবু বকর তার চেয়ে উত্তম ছিলেন। তা সত্বেও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম লোকটিকে প্রাধান্য দিলেন। কারণ, সে ডানে ছিল এবং তিনি বললেন, ডান দিক অতঃপর ডান দিক। অর্থাৎ তোমরা ডানকে প্রাধান্য দাও এবং ডানের লোককে আগে দাও।

https://sunnah.global/hadeeth/bn/show/4221